গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
(মূসক বাস্তবায়ন ও আইটি)
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

# 'গণবিজ্ঞপ্তি'

## মূসক এজেন্ট সনদপত্র প্রাপ্তির লক্ষ্যে আগ্রহী ব্যক্তির নিকট হতে আবেদনপত্র আহ্বান

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ১৯ অনুযায়ী কোন অনাবাসিক ব্যক্তি অর্থনৈতিক কার্যক্রম পরিচালনা না করলে তাকে একজন মূসক এজেন্ট নিয়োগ করতে হবে। মূসক এজেন্ট নিয়োগের লক্ষ্যে যোগ্য প্রার্থীদের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে। মূসক এজেন্ট হিসেবে আবেদন করার জন্য যোগ্যতা নিম্নরূপ ঃ

(ক) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন,২০১২ এর ধারা ১৩০ এর অধীন নিযুক্ত মূসক পরামর্শক;

(খ) ইন্সটিটিউট অব চার্টার্ড একাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএবি) এর সদস্য হিসাবে নিবন্ধিত চার্টার্ড একাউন্ট্যান্ট;

(গ) ইন্সটিটিউট অব কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট একাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএমএবি) এর সদস্য হিসেবে নিবন্ধিত একাউন্ট্যান্ট;

(ঘ) বাংলাদেশ বার কাউন্সিল এর সদস্য হিসাবে নিবন্ধিত কোনো আইনজীবী;

(ঙ) সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নন, মূল্য সংযোজন কর বিভাগের এমন কোনো অবসরপ্রাপ্ত কর্মকর্তা;

(চ) ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (এফবিসিসিআই) কর্তৃক মনোনীত বেসরকারি খাতের বিশেষজ্ঞ ব্যবসায়ী প্রতিনিধি।

(ছ) চার্টার্ড সেক্রেটারিজ আইন,২০১০ এর ধারা-২ এর দফা (৬) এ সংজ্ঞায়িত চার্টার্ড সেক্রেটারি।

২। উল্লিখিত যোগ্যতাসম্পন্ন কোনো ব্যক্তিকে মূসক এজেন্ট হিসেবে নিয়োগ প্রাপ্তির লক্ষ্যে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর নির্ধারিত ফরম "মূসক-৩.১" এ মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, সাগরিকা রোড, পাহাড়তলী, চট্টগ্রামে আবেদন করতে হবে।

৩। মূসক এজেন্ট সনদপত্র প্রাপ্তির আবেদনের সাথে আবেদনকারীকে নিম্নবর্ণিত দলিলাদি দাখিল করিতে হবে, যথা-

(ক) মূল্য সংযোজন কর বা টার্নওভার কর সনদপত্রের কপি;

(খ) ০৩ (তিন) কপি পাসপোর্ট আকারের ছবি;

(গ) সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতার সনদের কপি;

(ঘ) জাতীয় পরিচয়পত্রের কপি;

(ঙ) মহাপরিচালক, কাস্টমস,এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি এর অনুকূলে পরীক্ষার ফি হিসেবে ১০ (দশ) হাজার টাকা মূল্যমানের পে অর্ডার; এবং

(চ) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি-১৬ তে উল্লিখিত যোগ্যতা প্রমাণের স্বপক্ষে সংশ্লিষ্ট দলিলাদি।

৪। অসম্পূর্ণ কোন আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৫। মহাপরিচালক, কাস্টমস,এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি প্রতি বছর জানুয়ারি-জুন মেয়াদে প্রাপ্ত আবেদনের ভিত্তিতে আগস্ট বা সেপ্টেম্বর মাসে এবং জুলাই-ডিসেম্বর মেয়াদে প্রাপ্ত আবেদনের ভিত্তিতে ফেব্রুয়ারি বা মার্চ মাসে লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করবেন।